12

দৈনিক বাংলা

তারিখ 04 AUG 1993
পৃষ্ঠা ১ কলাম ৪

## পরীক্ষার রুটিন পরিবর্তন দাবী

# বুয়েটে বিক্ষোভ ঃ কাঁদানে গ্যাস ।। ভিসি'র পদত্যাগ দাবী

বুয়েট সংবাদদাতা ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্রঐক্য ও ইউকসু নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের পদত্যাগ দাবী করেছেন। সোমবার রাত ১২টায় পরিবর্তিত পরীক্ষার রুটিনের দাবীতে ছাত্ররা একটি মিছিল বের করলে পুলিশ টিয়ারগ্যাস রাবার বুলেট নিক্ষেপ করে। এই ঘটনার প্রতিবাদে মঙ্গলবার অনুষ্ঠিত এক প্রতিবাদ সভায় নেতৃবৃন্দ ভিসির পদত্যাগের

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## বুয়েটে বিক্ষোভ

(প্রথম পৃষ্ঠার পর)

দাবী জানান। কেন্দ্রীয় ক্যাফেটারিয়াতে মঙ্গলবার বিকাল তিনটায় অনুষ্ঠিত এই প্রতিবাদ সভায় সকল ছাত্র–ছাত্রীর নিকট গ্রহণযোগ্য একটি রুটিন প্রদানেরও আহবান জানানো হয়। প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন ইউকসু ভিপি নিয়ামুল হুদা খান তৌহিদ।

উল্লেখ্য, রোববার রাতে ছাত্রদের একটি মিছিলের পর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও ডীনবৃন্দ ছাত্রদের পরীক্ষার রুটিন সংশোধনের ব্যাপারে আশ্বাস দেন। এরই প্রেক্ষিতে সোমবার বিকেলে একাডেমিক কাউন্সিলের একটি সভা অনুষ্ঠিত হয়। ইতিমধ্যে কাউন্সিল ভবন ও প্রশাসনিক ভবন এর সামনে পুলিশ মোতায়েন করা হয়। একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তসমূহ ছাত্র–ছাত্রীদের দাবী–দাওয়ার অনুকূলে না যাওয়ায় সোমবার রাত এগারোটার দিকে সর্বদলীয় ছাত্র ঐক্য ও ইউকসুর উদ্যোগে একটি মিছিল হল ক্যাম্পাস প্রদক্ষিণ করে এবং ভিসির বাসভবনের দিকে যায়। বিশ্ববিদ্যালয়ের মেইন গেট তখন বন্ধ ছিল। ছাত্ররা গেটের শিকল ভেঙ্গে সামনের দিকে এগিয়ে গেলে পুলিশ রাবার বুলেট ও টিয়ার গ্যাস নিক্ষেপ করে। এরপর রাত দেড়টা পর্যন্ত টিয়ার গ্যাস নিক্ষেপ ও ছাত্রদের মিছিল চলতে থাকে। দেড়টার পর পুলিশ পিছিয়ে গিয়ে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেয়। তখন শহীদ মিনারের বেদীতে সর্বদলীয় ছাত্রঐক্য ও ইউকসু নেতৃবৃন্দ ছাত্রদের উদ্দেশে বক্তৃতা করেন।